গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
আঞ্চলিক পরিচালক এর কার্যালয়, খুলনা.
archaeology.khulnadiv.gov.bd

বিষয়: **শিক্ষার্থীদের জাদুঘর/ প্রত্নস্থল পরিদর্শন প্রতিবেদন।**

সূত্র: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২০২২-২৩ কর্মপরিকল্পনা অনুযায়ী।

উপর্যুক্ত বিষয় ও সূত্র অনুযায়ী আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা ও বরিশাল বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২০২২-২৩ কর্মপরিকল্পনার কর্মসম্পাদন ক্ষেত্রের ২-এ বর্ণিত প্রত্নতাত্ত্বিক গবেষণা, প্রকাশনা এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি অনুযায়ী ২.৪ এর কর্মসম্পাদক সূচক অনুযায়ী গত ২৭ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ তারিখ খুলনা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিনের প্রধানের নেতৃত্বে ৪০ জন শিক্ষার্থী ও ১ জন শিক্ষক প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা ও বরিশাল বিভাগের আওতাধীন খুলনা বিভাগীয় জাদুঘর পরিদর্শন করেন। শিক্ষার্থীদের জাদুঘর পরিদর্শন প্রতিবেদন (সংযুক্ত) মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

২৯-৯-২০২২
আফরোজা খান মিতা
আঞ্চলিক পরিচালক
ফোন: ০২-৪৭৭-৭৩০১৩৬
ইমেইল:
rd_khulna@archaeology.gov.bd

মহাপরিচালক
প্রত্নতত্ত্ব অধিদপ্তর

স্মারক নম্বর: ৪৩.২৩.৪৭৮৫.০০০.১৮.০০১.১৯.৯৬০

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯
২৯ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি:
১) সহকারী পরিচালক (প্রশাসন), প্রশাসন শাখা, প্রত্নতত্ত্ব অধিদপ্তর

২৯-৯-২০২২
গোলাম ফেরদৌস
সহকারী পরিচালক

# প্রতিবেদন

**প্রতিবেদনের শিরোনাম :** শিক্ষার্থীদের জাদুঘর/ প্রত্নস্থল পরিদর্শন প্রতিবেদন।

**তারিখ** ও **সময়:** ২৭ সেপ্টেম্বর ২০২২, বিকেল ২.৩০ মিনিট থেকে ৫.০০টা।

শিক্ষা প্রতিষ্ঠানের ও ডিসিপ্লিনের নাম: ইতিহিাস ও সভ্যতা ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়।

প্রারম্ভ কথা : বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২০২২-২৩ কর্মপরিকল্পনার কর্মসম্পাদন ক্ষেত্রের ২-এ বর্ণিত প্রত্নতাত্ত্বিক গবেষণা, প্রকাশনা এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি অনুযায়ী ২.৪ এর কর্মসম্পাদক সূচক অনুযায়ী গত ২৭ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ তারিখ খুলনা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিনের প্রধানের নেতৃত্বে ৪০ জন শিক্ষার্থী ও ১ জন শিক্ষক প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খূলনা ও বরিশাল বিভাগের আওতাধীন খুলনা বিভাগীয় জাদুঘর পরিদর্শন করেন। এরপর পুর্বনির্ধারিত একটি জাদুঘরবিদ্যা বিষয়ক ক্লাশে অংশগ্রহণ করেন। এ পরিদর্শন ও ক্লাশে অংশগ্রহণের বিষয়টি ছিলো শিক্ষার্থীদের "Sessional on Archival Studies" বিষয়ক একটি কোর্সের অংশ । ২টি সেশেনের সংক্ষিপ্ত সচিত্র বিবরণ উপস্থাপিত হলো:

**১ম সেশন:**

শিক্ষার্থীগণ প্রথমেই খুলনা বিভাগীয় জাদুঘর পরিদর্শন করেন । এ সময় খুলনা বিভগীয় জাদুঘরের দায়িত্বরত সহকারি মডেলার কানিজ ফাতেমা ও জাদুঘরের অন্যান্য কর্মচারীরা তাদেরকে সহযোগীতা করেন । শিক্ষার্থীদেরকে প্রথমেই খুলনা বিভাগীয় জাদুঘর এবং আঞ্চলিক পরিচালকের কার্যালয় খুলনা ও বরিশাল বিভাগের ইনোভেশন কার্যক্রমের অংশ হিসাবে বিশেষভাবে সক্ষম ব্যাক্তিদের জন্য আয়োজিত প্রদর্শনী দেখানো হয় যা দেখে শিক্ষার্থীবৃন্দ উচ্ছাস প্রকাশ করেন। নীচতলায় ইনোভেশন কর্ণার দেখার পর দেখানো হয় গ্যালারীতে প্রদর্শীত বিভিন্ন প্রত্নতাত্ত্বিক খননের আলোকচিত্র। খুলনা অঞ্চলের বিভিন্ন প্রত্নতাত্তিক খননের অলোকচিত্র থেকে তথ্য সংগ্রহ করেন শিক্ষার্থীগণ। । এরপর শিক্ষার্থীদেরকে খুলনা বিভাগীয় জাদুঘরের ২য় তলায় নিয়ে যাওয়া হয় । যেখানে জাদুঘরের দরজার সম্মুখে খনন ও উত্তলন সংক্রান্ত একটি তৈলচিত্র প্রদর্শীত হচ্ছে । যে চিত্রে খননের দর্শন এবং বাস্তবতা পরিলক্ষিত । শিক্ষার্থীবৃন্দকে চিত্রটি সম্পর্কে একটি বিবরণ প্রদান করা হয় ।

Alll
২৭/৯/২২

(আফরোজা খান মিতা)
আঞ্চলিক পরিচালক
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
[illegible]



খুলনা বিভাগীয় জাদুঘরের প্রবেশকালীন শিক্ষার্থীদের আলোকচিত্র



জাদুঘরের নীচলতার ইনোভেশন কর্ণারের সামনে শিক্ষার্থীরা



জাদুঘরের প্রদর্শনীর শুরুতে খনন ও উত্তলন সংক্রান্ত একটি তৈলচিত্রের সামনে শিক্ষার্থীদের আলোকচিত্র



জাদুঘরের প্রদর্শনীর শুরুতে শিক্ষার্থীদের জাদুঘরের তথ্য সম্বলিত ইংরেজী ও বাংলা ব্রুশিয়র প্রদান করা হয়




জাদুঘরের ১ নম্বর গ্যালারীতে বিভাগীয় মানচিত্রের মডেলের সামনে শিক্ষার্থীদের আলোকচিত্র



জাদুঘরের গ্যালারীতে শিক্ষার্থীদের আলোকচিত্র

এরপর শিক্ষার্থীবৃন্দ খুলনা বিভাগীয় জাদুঘরের প্রবেশ করেন এবং তাদেরকে খুলনা বিভাগীয় জাদুঘরের বাংলা এবং ইংরেজি বরুশিয়ার প্রদান করা হয় । যেখানে খুলনা বিভাগীয় জাদুঘরের বিস্তারিত বর্ননা রয়েছে ।এ পর্যায়ে শিক্ষার্থীবৃন্দকে খুলনা বিভাগীয় জাদুঘরের প্রদর্শিত সকল নিদর্শন যত্ন সহকারে দেখানো হয় এবং তাদের বিভন্ন প্রশ্নের উত্তর দেওয়াসহ তথ্য প্রদান করা হয় । বিভিন্ন মুদ্রা এবং সময়কাল সম্পর্কে তাদের কৌতুহল মেটানো হয় । এছাড়া খুলনা বিভাগীয় জাদুঘরের মানচিত্রের উপর নব নিমির্ত খুলনা অঞ্চলের দশটি মনুমেন্টাল নিদর্শনের মডেল সম্পর্কে ধারনা দেয় । শিক্ষার্থীবৃন্দ রাজা সীতা রাম রায়ের খাট দেখে আগ্রহ প্রকাশ করলে সেটা সম্পর্কে সঠিক তথ্য প্রদান করা হয় । বিভিন্ন কৃষ্ণ মূর্তি ,শিব লিঙ্গ এবং দেব-দেবীর বাহন সম্পর্কে তাদেরকে তথ্য দেওয়া হয় ।

Atel

কানিজ ফাতেমা ও জাদুঘরের অন্যান্য কর্মচারীরা শিক্ষার্থীদের এই পরিদর্শনের সহায়তা প্রদান করেন। শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন। পরিদর্শন শেষে শিক্ষার্থীদের মধ্য থেকে একজন মন্তব্য বইতে মন্তব্য লেখেন।

**২য় সেশন:**

খুলনা বিভাগীয় জাদুঘর পরিদর্শন শেষে শিক্ষার্থীবৃন্দর জন্য প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা ও বরিশাল বিভাগের সভা কক্ষে একটি তথ্য ভিত্তিক ক্লাশের আয়োজন করা হয় । উক্ত ক্লাশটি পরিচালনা করেন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের খুলনা ও বরিশাল বিভাগের আঞ্চলিক পরিচালক আফরোজা খান মিতা । "Museology, its origins and developments: a Preliminary studies" বিষয়ক সচিত্র উপস্থাপনাটির মাধ্যমে জাদুঘরবিদ্যা ডিসিপ্লিনের উৎপত্তি, জাদুঘরের বিকাশ, প্রত্নতাত্ত্বিক নিদর্শন, প্রত্নতত্ত্ব ও ইতিহাস,গুরুত্ব, ইতিহাস-ঐতিহ্য সংরক্ষনে জাদুঘরের ভূমিকা ও গুরুত্ব , দেশের ভিতর উলেখযোগ্য জাদুঘরসহ দেশের বাইরের বিভিন্ন প্রসিদ্ধ জাদুঘরসমূহ সম্পর্কে ধারনা প্রদান করা হয়। ক্লাশটিতে শিক্ষার্থীবৃন্দ স্বতস্ফূর্ত অংশগ্রহন করেন । আঞ্চলিক পরিচালক ও সহকারী পরিচালক খুলনা প্রানবন্ত প্রশ্নোত্তর পর্বে শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন । এ সময় খুলনা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিনের হেড জনাব হাফিজ আহমেদ ও আরেকজন শিক্ষক এবং কার্যালয়ের সহকারি পরিচালক জনাব গোলাম ফেরদৌস, উপ সহকারী প্রকৌশলী (সংরক্ষণবিদ) জনাব মুরাদ হোসেন , সহকারী মডেলার কানিজ ফাতেমা মুমু সহ অন্যান্য সহকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন । এছাড়াও খুলনা বিভাগীয় জাদুঘরের বিভিন্ন নিদর্শন এবং স্টোর সংরক্ষন পদ্ধতি সম্পর্কে ধারনা দেওয়ার মাধ্যেমে সেশনটির সমাপ্তি ঘোষনা করা হয় । খুলনা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিনের হেড জনাব হাফিজ আহমেদ এই আয়োজনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আশা প্রকাশ করেন ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিনের সাথে জাদুঘর ও প্রত্নতত্ত্বের নিবিড় সম্পর্ক গড়ে উঠবে। জবাবে আঞ্চলিক পরিচালক, খুলনা বলেন যে, অনানুষ্ঠানিক শিক্ষার অন্যতম কেন্দ্র জাদুঘর । শিক্ষার্থীদের সাথে তাই জাদুঘরের নিবিড় যোগাযোগ গড়ে তোলা প্রয়োজন। এই কার্যক্রম উভয়ের অংশগ্রহণে প্রানবন্ত হয়ে উঠবে এই আশাবাদ ব্যক্ত করে একটি গ্রুপ ফটোর মাধ্যমে পরিদর্শন ও ক্লাশের সমাপ্তি ঘোষণা করা হয়।


"Museology, its origins and developments: a Preliminary studies" বিষয়ক ক্লাশের আলোকচিত্র।


"Museology, its origins and developments: a Preliminary studies" বিষয়ক ক্লাশের আলোকচিত্র।

Atel




"Museology, its origins and developments: a Preliminary studies" বিষয়ক ক্লাশে শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর দিচ্ছেন আঞ্চলিক পরিচালক, খুলনা।




ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিনের হেড জনাব হাফিজ আহমেদকে শুভেচ্ছা স্মারক উপহার প্রদান করার আলোকচিত্র।



ধন্যবাদ জ্ঞাপন করছেন খুলনা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিনের হেড জনাব হাফিজ আহমেদ




পরিদর্শন ও ক্লাশ শেষে গ্রুপ ফটোসেশন

(আফরোজা খান মিতা)
আঞ্চলিক পরিচালক
প্রত্নতত্ত্ব অধিদপ্তর

প্রধানের কার্যালয়
ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৮

Office of the Head
HISTORY AND CIVILIZATION DISCIPLINE
Khulna University Khulna
Khulna-9208

সূত্র : ..........................                                                    তারিখ : ..........................

খুবি/ইতি-২০২০                                                    ১৪/০৯/২০২২খ্রি.

বরাবর
আঞ্চলিক পরিচালক
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
খুলনা বিভাগ
খুলনা

**বিষয়: যাদুঘর ব্যবস্থাপনা সম্পর্কিত একটি প্রদর্শনী/ক্লাসের আয়োজন প্রসঙ্গে।**

জনাব

শুভেচ্ছা জানবেন।

আপনি জেনে খুশী হবেন যে, খুলনা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিনের ১ম বর্ষের Sessional on Archival Studies শীর্ষক একটি কোর্স রয়েছে; যা প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সঙ্গে সরাসরি সম্পর্কিত। ১ম বর্ষের শিক্ষার্থীদের জন্য আপনার তত্ত্বাবধানে Sessional on Archival Studies শীর্ষক একটি প্রদর্শনী/কর্মশালা/ ক্লাসের আয়োজন করলে শিক্ষার্থীরা ভীষণভাবে উপকৃত হবে।

অতএব, এতদ্বিষয়ক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করলে বিশেষভাবে কৃতজ্ঞ থাকবো।

ধন্যবাদ ও কৃতজ্ঞতায়

২৪.০৯.২২

(প্রফেসর ড. মো. দুলাল হোসেন)
প্রধান (ভারপ্রাপ্ত)